2351 E-2607

भारतीय गैर न्यायिक
INDIA NON JUDICIAL
15000रु. 15000रु.
पन्द्रह हजार रुपये
RUPEES FIFTEEN THOUSAND
सत्यमेव जयते
Rs.15000 भारत INDIA Rs.15000

01BB 264856

Admissible under Regn. Rule A duly stamped under the Indian stamp Act. 1899 as amended by Act. III of 1922 and Section- 31 of the Calcutta Improvement Act. 1911, Schedule 1A, No. 23+4

Stamp duty Paid under the Indian Stamp Act. 1899 as amended in 19 Rs 30860-00
Additional duty Paid under the Calcutta Improvement Act. 1911 Rs 12320-00
Excess 10-00
Deficit Regn. 43130-00
Total Rs 26/-
Paid as per M.R. 1732 dt. 3/8/98

Certified that the deficit stamp duty amounting to Rs. 25620/- in Bank draft/Treasury Challan dt. 07.3842 dt 24.7.98 in respect of this deed of Sale / Gift / Settlement / Partition / Exchange from A. K. Roy & Anr. of U/S 41 of I. S. Act. 1899.

ADDL. DIST. SUB-REGISTRAR ALIPORE SOUTH 24-PARGANAS 3/8/98

1751
17788
M.V. 6.16.


RP 250000/- 23+4
A 2739-0 E 7-0 2746-0
A- 2739/ E- 7/- 2746/-

মং ২,৫০,০০০ দুই লক্ষ পঞ্চাশ হাজার টাকা মূল্যের
সাফ বিক্রয় কোবালা দলিল ।

| কোবালা গ্রহিতা | কোবালা দাতা |
|---|---|
| ১। শ্রী অতুল কুমার রায় | শ্রী দেবাশীষ দাস |
| পিতা স্বর্গীয় রাখহরি রায় | পিতা স্বর্গীয় যতীন্দ্র নাথ দাস |
| ২। শ্রীমতী মিনতি রাণী রায় | জাতি হিন্দু, পেশা চাকুরী, |
| স্বামী শ্রী অতুল কুমার রায় | সাং ব্রহ্মপুর, থানা যাদবপুর, |
| উভয় জাতি হিন্দু, পেশা ১নং অবসরভোগী, | হাল থানা রিজেন্টপার্ক |
| ২ নং গৃহস্বামী । | কলিকাতা - ৮৪, জেলা দক্ষিণ |
| সাং গ্রাম ও পোঃ জে.রথবাড়ী | ২৪ পরগণা, হাল সাং এ ৬০, |
| থানা কালিয়াচক | সতীন্দ্র পল্লী, ব্রহ্মপুর, কলিকাতা ৮৪ |
| জিলা মালদহ । | |

ADDL. DIST. SUB-REGISTRAR ALIPORE SOUTH 24-PARGANAS 3/8/98

1000Rs.




।২।

ক্স্য হাল ব্যয়ত দখলি সৃত্ব বিশিষ্ট সৃত্বের ২ দুই কাঠা ১৫ পনের ছটাক বাস্তু জমি মায় তদুপরিস্থিত সৃয়ং সম্পূর্ণ একতলা বিশিষ্ট ইমারত বাটী মায় সাজপাট আদি মায় আকর আওলাতাদি মায় তৎসংক্রান্ত ও তৎসংশ্লিষ্ট যাবতীয় সৃত্বাদি মায় সর্ব্ববিধ ইজমেন্ট ও ব্যবহারিক সৃত্বাদি সম্পূর্ণ নির্দ্দায় ও নির্দ্দোষ অবস্থায় নিঃসৃত্ব সাফ বিক্রয় কোবালা দলিল পত্রমিদং কার্য্যাঞ্চাগে ঃ –

জেলা ২৪ পরগণা অধুনা দক্ষিণ ২৪ পরগণা, থানা সাবেক টালিগঞ্জ তৎপর যাদবপুর অধুনা রিজেন্টপার্ক থানার অন্তর্গত পরগণা মাগুরা, এ .ডি .এস . আর . ও .আলিপুর, অত্র জেলা কালেক্টারির ৬০ নং তৌজি ভুক্ত রেঃসাঃ নং ১৬৯, হাল কলিকাতা মিউনিসিপ্যাল করপোরেশান 'যাদবপুর ইউনিটের' ১১১ নং ওয়ার্ডের অন্তর্গত জেঃএলঃ নং ৪৮, ব্রহ্মপুর মৌজায় গত ডিস্ট্রীক্ট সেটেলমেন্ট জরিপের ৪৪৪ রিভিশন্যাল জরিপের ৯৮৯ নং খতিয়ান বর্ণিত ৭৪৩ নং দাগের জমি জমা সহ

1000Rs.

INDIA NON JUDICIAL

१000रु. Rs 1000

सत्यमेव जयते

भारत

एक हज़ार रुपये ONE THOUSAND RUPEES



আরও ঐ মৌজার অন্যান্য দাগের বহুতর সম্পত্তির খাস দখলিকার ১। শ্রী বিহারী লাল বন্দ্যোপাধ্যায় , ২। শ্রী সুবোধ লাল বন্দ্যোপাধ্যায় ও ৩। শ্রীমতী আনন্দময়ী দেবীর খাস দখলিয় সম্পত্তি থাকাকালিন তাঁহারা গত ইংরাজী ১৯৫০ সালে আলিপুর সাব রেজেষ্ট্রী অফিসে রেজেষ্ট্রী কৃত ১নং বহির ৫৫ নং ভল্যুমের ১৮১ হইতে ১৮৭ নং পাতায় লিপিবদ্ধ ২৯৬৬ নং এককেতা রেজিষ্ট্রী কৃত চিরস্থায়ী বন্দোবস্ত দলিল মূলে শ্রী যতীন্দ্র নাথ দাস পিতা স্বর্গীয় গোপাল চন্দ্র দাস সাং ব্রহ্মপুর , থানা যাদবপুর হাল রিজেন্টপার্ক জেলা ২৪ পরগণা মহাশয়কে কবুলিয়ত দ্বারা সকল প্রকার দান , বিক্রয়াদির সর্ব্ববিধ হস্তান্তরের অধিকারের ক্ষমতা যুক্তে নির্ব্যূঢ় স্বত্বের স্বত্ব প্রদান করেন । এরূপ প্রকারে উক্ত শ্রী যতীন্দ্র নাথ দাস মহাশয় প্রাপ্ত হইয়া খাসে ভোগবান ও মালিক দখলিকার থাকাকালে গত রিভিশন্যাল জরিপে তাঁহার নামে উক্ত ব্রহ্মপুর মৌজায় ৯৮৯ নং খতিয়ানে ৭৪৩ নং দাগে ও অন্যান্য দাগে রেকর্ড

500Rs.

INDIA NON JUDICIAL

৫০০ রু.  Rs 500

सत्यमेव जयते

भारत

पाँच सौ रुपये  FIVE HUNDRED RUPEES



হইয়া চূড়ান্ত ভাবে প্রকাশিত ও প্রচারিত হয়। তিনি উক্ত খতিয়ানের ধার্য্য খাজনাদি হাল মালিক পশ্চিম বঙ্গ রাজ্য সরকারে আদায় দিয়া গৃহাদি নির্ম্মানে বসবাস ইত্যাদির দ্বারা ভোগবান ও মালিক দখলিকার থাকেন এবং তৎকালীন যাদবপুর মিউনিসিপ্যালিটীতে নিজ নাম জারি বা পত্তনাদি করাইয়া লইয়া ধার্য্য ট্যাক্সাদি আদায় দিতে থাকেন। অতঃপর উক্ত শ্রী যতীন্দ্র নাথ দাস মহাশয়ের নগদ অর্থের বিশেষ প্রয়োজনে তাঁহার নির্ব্যূঢ় স্বত্ত্ব দখলিয় সম্পত্তি মধ্যে সুচিহ্নিত ৫ পাঁচ কাঠা ৮ আট ছটাক জমি মায় তদুপরিস্থিত গৃহাদি বিক্রয় করার ঘোষণা করিলে অত্র কোবালা দলিলের কোবালা দাতা আমি গত ইংরাজী ৩০।১।১৯৮৫ তারিখে আলিপুর সাব রেজেষ্ট্রী অফিসে রেজেষ্ট্রী কৃত ১নং বহির ১২ নং ভলিউমের ৬৮ পাতা হইতে ৭৪ পাতায় লিপিবদ্ধ, সন ১৯৮৫ সালের ৬৬৭ নং সাফ কোবালা দলিল মূলে উক্ত শ্রী যতীন্দ্র নাথ দাস মহাশয়ের নিকট হইতে খরিদ করিয়া নির্ব্যূঢ়

10 Rs.

दस रूपये

सत्यमेव जयते

भारत

INDIA

१०रू. TEN RUPEES 10RS.



স্বত্বের মালিক ও দখলিকার হই । অতঃপর আমি অত্র কোবালা দাতা হাল কলিকাতা মিউনিসিপ্যাল করপোরেশানে 'যাদবপুর ইউনিটের' ১১১ নং ওয়ার্ডে আমার উক্ত খরিদা সম্পত্তির পরিপ্রেক্ষিতে [redacted] নিজ নাম পত্তনাদি করাইয়া লইয়াছি যাহার এ্যাসেসী নং ৩১- ১১১- ২২- ০২৫২- ৭ এবং উহা আমার নাম বরাবরে ২৫২ সতীন্দ্র পল্লী প্রেমিসেস রূপে নথি ভুক্ত আছে । তৎপর আমি অত্র কোবালা দাতা আমার উক্ত সম্পত্তির উপর উক্ত করপোরেশান হইতে একখানি বিলডিং প্ল্যান মঞ্জুর / যাহার নং ১৯৫।৯৭- ৯৮ তাং ১৬- ৭- ৯৭ / করাইয়া লইয়া স্বয়ং সম্পূর্ণ একতল বিশিষ্ট ইমারত বাড়ী নির্ম্মাণ করাইয়া লইয়া বসবাস ইত্যাদির দ্বারা ভোগবান ও মালিক দখলিকার হইতেছি ও আছি । আমার উক্ত সম্পত্তি সর্ব্ববিধ হস্তান্তর করার আমার সর্ব্ববিধ স্বত্ব দখল বিদ্যমান আছে

একণে নানাবিধ বৈধ কারণে আমি অত্র কোবালা দাতা আমার উপরোক্ত নির্ব্যূঢ় স্বত্ব দখলিয় সম্পত্তি মধ্যে অত্র সহ দাখিলী এবং অত্র দলিলের একাংশ গণ্য

নকসায় লাল রংয়ের সীমারেখা দ্বারা সুচিহ্নিত কমবেশ ২ দুই কাঠা ১৫ পনের ছটাক বাস্তু জমি মায় তদুপরিস্থিত স্বয়ং সম্পূর্ণ একতল বিশিষ্ট ইমারত বাটী মায় সাজপাট আব্রু আওলাতাদি মায় সর্ব্ববিধ স্বত্বাদি যাহা নিম্ন তপশীলে বিশেষ ভাবে বর্ণিত হইল তাহা বিক্রয় করার ঘোষণা করিলে আপনারা অত্র কোবালা গ্রহিতা ও গ্রহিত্রী তাহা বর্ত্তমান বাজারোচিত সর্ব্বোচ্চ পণ বেলমোক্তা ২,৫০,০০০, দুই লক্ষ পঞ্চাশ হাজার টাকায় খরিদ করিতে রাজী হইয়া আমার নিকট প্রকাশ ও প্রস্তাব করিলে আমি আপনাদের উক্ত প্রস্তাবিত পণ বা মূল্য বর্ত্তমান বাজারের সর্ব্বোচ্চ বিবেচনা করিয়া আপনাদের উক্ত প্রস্তাবিত পণে আপনাদের বিক্রয় করিতে সম্মত হইয়া অদ্য তারিখে আপনাদের নিকট হইতে উক্ত ধার্য্য পণের সমুদয় ২,৫০,০০০, দুই লক্ষ পঞ্চাশ হাজার টাকা নিম্ন টাকার জায়মত বুঝিয়া পাইয়া এবং এতদ্বারা তাহার প্রাপ্তি স্বীকারে উপরোক্ত ও নিম্নের তপশীলে বিশেষ রূপে বর্ণিত সম্পত্তি অদ্যকার তারিখে অত্র কোবালা মূলে আপনাদের সাফ বিক্রয় করিয়া দিয়া তাহা হইতে আমি মায় আমার ওয়ারিশান ও স্থলাভিষিক্ত গণক্রমে এক কালিন চিরতরে নিঃস্বত্ব ও দখলহীন হইলাম। আপনারা অদ্য হইতে আমার যাবতীয় স্বত্ত্বে স্বত্ত্ববান ও স্বত্ত্ববতী এবং মালিক দখলিকার ও দখলকারিণী হইয়া কালেকটারিতে, অধুনা দি কলিকাতা মিউনিসিপ্যাল করপোরেশান 'যাদবপুর ইউনিটের' ১১১ নং ওয়ার্ডে এবং যে কোন প্রয়োজনীয় স্থানে অত্র কোবালা দলিলের বলে আপনাদের নিজ নিজ নাম জারি বা পত্তনাদি করাইয়া লইয়া যথারীতি খাজনা ও ট্যাক্সাদি আদায় দিয়া বাগ- বাগিচা ও ইমারতাদি নির্ম্মান করিয়া দান, বিক্রয়, বন্ধকাদি সর্ব্ব প্রকার হস্তান্তরে ও রূপান্তরের অবাধ ক্ষমতা যুক্তে পুত্র পৌত্রাদি ওয়ারিশান ও স্থলাভিষিক্ত গণক্রমে

যদিচ্ছা পরম সুখে ভোগদখল করিতে থাকুন, তাহাতে আমি মায় আমার ওয়ারিশান ও স্থলাভিষিক্তগণক্রমে কস্মিনকালে কোন প্রকার ওজর আপত্তি দাবী দাওয়া করিতে পারিব না ও পারিবেক না, করিলেও তাহা সর্ব্বত্র সর্ব্বদা বাতিল ও অগ্রাহ্য হইবে।

অত্র বিক্রীত সম্পত্তি আমি ইতিপূর্ব্বে অপর কাহাকেও দান, বিক্রয়, বন্ধক, বায়না, প্রজাবিলি, চার্জ্জ, সিকিউরিটি ইত্যাদির দ্বারা বা অন্য কোনও প্রকারে হস্তান্তর বা দায়াবদ্ধ করি নাই নাই বা উহাতে অপর কোনও সরিক, অংশীদার বা দাবীদার নাই বা উহা কোনও আদালত কর্ত্তৃক নিলাম বিক্রয় হয় নাই বা ক্রোকাবদ্ধ নহে বা উহা কাহারও জামানতে ও খোরপোষের দায়ে আটক বা আবদ্ধ নাই বা উহা আমি ইতিপূর্ব্বে কোনও দেবসেবায় বা জনহিতকর কার্য্যে অর্পণ করি নাই বা এ্যাকুইজিশান হয় নাই বা সি,এম, ডি, এ, কর্ত্তৃক গৃহীত হয় নাই। সম্পূর্ণ নির্দ্দায় নির্দ্দোষ স্বত্ব যুক্ত ও খাস অবস্থায় অত্র কোবালা মূলে আপনাদের সাফ বিক্রয় করিয়া দিয়া বিক্রীত সম্পত্তিতে খোলসা খাস দখল দিলাম।

ভবিষ্যতে অত্র দলিলে কোনরূপ ভুল ভ্রান্তি থাকা প্রকাশ পাইলে আপনাদের খরিদা স্বত্ব সম্পূর্ণ দৃঢ়তর করার জন্য অত্র কোবালার পোষকে যুক্তি সঙ্গত যে কোন দলিল করার প্রয়োজন হইলে তাহা আমি বিনা পণে বেওজরে আপনাদের খরচায় সম্পাদন ও রেজিষ্ট্রী করিয়া দিতে বাধ্য থাকিলাম।

ভবিষ্যতে উপরোক্ত উক্তি বা তাহার কোনও অংশ মিথ্যা বা তঞ্চকী থাকা প্রকাশ পাইলে মাফিক আইন আমলে আসিব। অধিকন্তু আমার প্রকাশিত স্বত্ব দখলের হীনতা বা ন্যূনতা প্রযুক্ত আপনাদের খরিদা স্বত্বের বা স্বার্থের হানি বা বিঘ্ন ঘটিলে পণের সমুদয় টাকা মায় খরচ ও ক্ষতি পূরণ সহ আপনাদের ফেরৎ দিতে

SITE PLAN OF LAND(P.) WITH EXISTING SINGLE STOREYED BUILDING AT NO. 252, SATINDRA PALLY (IV-111/B-XI OF C.M.C.) CALCUTTA - 700084.


WARD NO. 111,
P.S. REGENT PARK,
MOUZA - BHRAMAPUR.

SCALE :- 1" = 20'-0".

AREA OF PLOT :- 2 KATTA - 15 CHHATTR
SHOWN IN RED BORDER.

TOTAL COVERED AREA OF THE BUILDING :- 746 S.FT.
SHOWN IN HATCHED LINE...

[illegible]
SIG. OF VENDOR




[illegible]

DRAWN BY: [illegible]

আমি মায় আমার ওয়ারিশান ও স্থলাভিষিক্ত গণক্রমে বাধ্য থাকিলাম।

আরও প্রকাশ থাকে যে, আপনারা আমার কথার উপর সরল বিশ্বাসে আমার উপরোক্ত ও নিম্ন তপশীলে বর্ণিত সম্পত্তি খরিদ করিলেন।

আরও প্রকাশ থাকে যে, বিক্রীত সম্পত্তি সংক্রান্ত যে সমুদয় টাইটেল কাগজ পত্রাদি আমার নিকট আছে তাহাতে আমার আরও সম্পত্তি থাকায় তৎসমুদয় আপনাদের দেওয়া সম্ভব হইল না, উক্ত সমূহের জেরক্স কপি অত্র দলিল পোষকে আপনাদের অর্পণ করিলাম, তবে ভবিষ্যতে আপনাদের প্রয়োজনে আপনাদের দর্শাইতে ও ইন্‌সপেকশান দিতে বা যে কোন অফিস আদালতে আপনাদের খরচায় দাখিল করিতে আমি মায় আমার ওয়ারিশান ও স্থলাভিষিক্ত গণক্রমে বাধ্য ও স্বীকৃত রহিলাম।

এতদর্থে সুস্থ শরীরে সরল মনে অন্যের বিনানুরোধে স্বেচ্ছায় অত্র দলিলের যাবতীয় মর্ম্ম সম্যক অবগত হইয়া ও ভালরূপ বুঝিয়া মায় অত্র দলিলের যাবতীয় সর্ত্তে আমি মায় আমার ওয়ারিশানগণক্রমে বাধ্য থাকিয়া অত্র কোবালার পণের সমুদয় টাকা নিম্ন টাকার জায়মত বুঝিয়া পাইয়া আপনাদের নাম বরাবর অত্র নিঃস্বত্ব সাফ বিক্রয় কোবালা দলিল যথারীতি সহি সম্পাদন করিয়া দিলাম। ইতি তারিখ ইংরাজী সন ১৯৯৮ সালের ১৫ ই মে, মোতাবেক বাংলা সন ১৪০৫ সালের ৩১ শে বৈশাখ।

তপশীল বিক্রীত সম্পত্তির পরিচয়

জেলা ২৪ পরগণা অধুনা দক্ষিণ ২৪ পরগণা, থানা সাবেক টালিগঞ্জ তৎপর যাদবপুর অধুনা রিজেন্টপার্ক থানার অন্তর্গত পরগণা মাগুরা, এ.ডি.এস.আর.ও.আলিপুর

অত্র জেলা কালেকটারির ৬০ নং তৌজি ভুক্ত রেঃসাঃ নং ১৬৯, হাল কলিকাতা মিউনিসিপ্যাল করপোরেশান ' যাদবপুর ইউনিটের ' ১১১ নং ওয়ার্ডের অন্তর্গত জেঃএলঃ নং ৪৮, ব্রহ্মপুর মৌজায় জেলা জরিপের ৪৪৪ রিভিশন্যাল জরিপের ৯৮৯ নং খতিয়ান বর্ণিত ৭৪৩ সাত শত তেতাল্লিশ নম্বর দাগের অন্তর্গত অত্র সহ দাখিলী এবং অত্র দলিলের একাংশ গণ্য নকসায় লাল রংয়ের সীমারেখা দ্বারা সুচিহ্নিত কমবেশ ২ দুই কাঠা ১৫ পনের ছটাক বাস্তু জমি মায় তদুপরিস্থিত সমুং সম্পূর্ণ একতল বিশিষ্ট বসবাসে ব্যবহৃত ইমারত বাটী যাহা উক্ত প্ল্যানে বিশেষ ভাবে প্রদর্শিত রহিল যাহার পরিমান ৭৪৬ বর্গ ফুট তাহা মায় সাজসাট আকর আওলাতাদি মায় উক্ত জমিতে জলের কলের পাইপ, ইলেকট্রীক লাইন, টেলিফোনের তার ইত্যাদি আনা লওয়ার অধিকার আদি সহ জল নিকাশী অধিকার মায় সর্ব্ববিধ ইজমেন্ট ও ব্যবহারিক সুত্বাদি অত্র কোবালায় বিক্রীত সম্পত্তি হইতেছে। বিক্রীত সম্পত্তির হারাহারি বার্ষিক খাজনা ৬০ পয়সা হাল মালিক পশ্চিম বঙ্গ রাজ্য সরকার পক্ষে দক্ষিণ ২৪ পরগণা জেলা কালেকটার বাহাদুর সরকারে দেয়। বিক্রীত সম্পত্তি হাল কলিকাতা মিউনিসিপ্যাল করপোরেশান ' যাদবপুর ইউনিটের ' ১১১ নম্বর ওয়ার্ডের অন্তর্গত ২৫২ নং সতীন্দ্র পল্লী প্রেমিসেসের অংশ ভুক্ত হইতেছে। উহার এ্যাসেসী নম্বর ৩১ – ১১১ – ২২ – ০২৫২–৭। উহার পোস্টাল এ্যাড্রেস এ-৬০, সতিন্দ্র পল্লি, ব্রহ্মপুর, কলিকাতা – ৮৪

বিক্রীত সম্পত্তির চৌহদ্দি ঃ –

উত্তর – শ্রীমতী শিখা ঘোষের বাড়ী।

দক্ষিণ – সতীন্দ্র পল্লী সি.এম.সি. রোড।

পূর্ব্ব – শ্রীমতী এ. দাসের বাড়ী।

পশ্চিম – শ্রীমতী এ. পাণ্ডার বাড়ী।

পণের টাকার জায়

এলাহাবাদ ব্যাঙ্ক, সি. আর. এভিনিউ শাখার

ইং ৭।৫।৯৮ তারিখের ১৬৪২৭৯ নম্বর চেক মূলে প্রাপ্ত – ৫০,০০০ টাকা

অদ্য তারিখে নগদে প্রাপ্ত – – – – ২,০০০০০ টাকা

মোট – ২,৫০,০০০ টাকা

মং দুই লক্ষ পঞ্চাশ হাজার টাকা মাত্র।

চৈতালি দাস

ইসাদি ঃ –

(১) Utpal Roy.
A-60, Satindra pally
Calcutta - 84.
P.S - Regent Park

(২) Samiran Das.
A-69, Satindrapally
Calcutta-84
P.S. – Regent Park.

মুসাবিদাকারক
Dipal Roy 15.5.98.
এ্যাডভোকেট
আলিপুর পুলিশ কোর্ট

টাইপকারক
শ্রী [illegible] দাস।
আলিপুর পুলিশ কোর্ট
কলিকাতা – ২৭